

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪২.০৩৩.০১.০০.১৪৫.২০১১ ৪২৬৫

তারিখঃ ১১.১২.২০১৫ খ্রিঃ।


বিষয়ঃ দেশব্যাপী বিদ্যুৎ ক্যাম্প আয়োজন উপলক্ষে আর্থিক সহায়তা প্রদান।

- সূত্রঃ ১) বাংলাদেশ স্কাউটস এর স্মারক নং-বাঃ স্কাঃ স্পেশাল ইভেন্টস/৯১১/২০১৫, তারিখ-১১.১১.২০১৫ খ্রিঃ।
২) মোহাম্মদ হোসাইন, মহা পরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ বিভাগ ও আহবায়ক, বিদ্যুৎ ক্যাম্প বাস্তবায়ন বিষয়ক স্টিয়ারিং কমিটি এর ১১.১১.১৫ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্কাউটস ও রোভার স্কাউটদের বিদ্যুৎ সশ্রয়ী ও সচেতন করে গড়ে তোলা এবং তাদের মাধ্যমে সমাজের সকল পর্যায়ের মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিদ্যুৎ বিভাগের সহযোগিতায় ও বাংলাদেশ স্কাউটস এর পরিচালনায় রোভার স্কাউটসদের জন্য আগামী ৯-১২ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত সকল জেলা সদরে এবং স্কাউটসদের জন্য আগামী ১৭-২০ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত দেশের সকল উপজেলা সদরে ৪র্থ জাতীয় বিদ্যুৎ ক্যাম্প অনুষ্ঠিত হবে।

০২। এমতাবস্থায়, দেশব্যাপী ৪র্থ জাতীয় বিদ্যুৎ ক্যাম্পের সফল বাস্তবায়নের লক্ষ্যে জেলা পরিষদের ২০১৫-২০১৬ অর্থ বছরের রাজস্ব বাজেটের ক্রীড়া, শিক্ষা, সংস্কৃতি ও স্কাউটিং উপ খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে অনুদান প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
৬১ জেলা পরিষদ।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ

- ১। জনাব মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ২। মোহাম্মদ হোসাইন, মহা পরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ বিভাগ ও আহবায়ক, বিদ্যুৎ ক্যাম্প বাস্তবায়ন বিষয়ক স্টিয়ারিং কমিটি।
- ৩। প্রশাসক, ৬১ জেলা পরিষদ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।